



লিস্টার ফার্টিলিটি সেন্টার
কেনসিংটন বিল্ডিং
লিস্টার রয়াল ইনফার্মারি
0116 258 5922

ঔরস নমুনা সংগ্রহ করার জন্য নির্দেশাবলী

অনুগ্রহ করে মনে রাখবেন লিস্টার ফার্টিলিটি সেন্টার (Leicester Fertility Centre)-এ বিশ্লেষণের জন্য ঔরস নমুনা উৎপন্ন করার ব্যবস্থা নেই

- পাত্রের ওপর স্পষ্টভাবে আপনার নাম, ঠিকানা এবং জন্মতারিখের লেবেল অবশ্যই থাকতে হবে এবং তারপর একটি বন্ধ করা যায় এমন ব্যাগে রাখতে হবে (যদি দেওয়া হয়ে থাকে)। আপনার নমুনার সাথে আপনাকে আপনার জিপি-র থেকে পাওয়া একটি অনুরোধ ফর্ম অবশ্যই দিতে হবে। আপনার কাছে যদি ফর্ম না থাকে তাহলে আপনাকে অবশ্যই আপনার জিপি-র কাছ থেকে একটি সংগ্রহ করতে হবে আপনার নমুনা আনার পূর্বে কারণ ওটা ছাড়া আমরা বিশ্লেষণ করতে পারব না।
- অনুগ্রহ করে সোমবার থেকে শুক্রবার (ব্যাংকের ছুটি ছাড়া) সকাল 9টা এবং দুপুর 12টার মধ্যে লিস্টার ফার্টিলিটি সেন্টার, কেনসিংটন বিল্ডিং-এর অভ্যর্থনা ডেস্কে নমুনা নিয়ে আসবেন। মনে রাখবেন আপনার যদি একটি বিস্তারিত 'সুইম আপ' বিশ্লেষণ করা হয় তাহলে নমুনা সোমবার থেকে বৃহস্পতিবার সকাল 9টা থেকে দুপুর 12টার মধ্যে আনতে হবে।
- নমুনা উৎপন্ন করার পূর্বে অনুগ্রহ করে খুব ভালকরে আপনার হাত এবং পুরুষাঙ্গ ধুয়ে নেবেন। কোন তৈলাক্ত জিনিস ব্যবহার করবেন না কারণ এগুলি শুক্রের পক্ষে বিষাক্ত।
- আপনাকে অবশ্যই এই পরীক্ষার জন্য 1টি পূর্ণ দিনের থেকে বেশি এবং 7 দিনের থেকে কম সন্তোষ/নিঃসরণ থেকে বিরত থাকতে হবে। তথাপি, নমুনা উৎপন্ন করার পূর্বে সবচেয়ে অনুকূল ফলাফলের জন্য 2-3 দিন বিরত থাকার জন্য আমরা সুপারিশ করি।
- নমুনা হস্তমৈথুনের মাধ্যমে সরাসরি প্রদত্ত জীবাণুমুক্ত পাত্রে সংগ্রহ করা উচিত এবং সম্পূর্ণ থাকা উচিত অর্থাৎ গোটা নমুনা পাত্রে অবশ্যই সংগ্রহ করতে হবে।
- নমুনা উৎপন্ন করার জন্য সন্তোষ থেকে প্রত্যাহার ব্যবহার করা উচিত নয়, কারণ নিঃসরণের প্রথম অংশে অধিকাংশ শুক্র থাকে যা হারিয়ে যেতে পারে। আপনি যদি হস্তমৈথুনের মাধ্যমে নমুনা উৎপন্ন করতে অক্ষম হন তাহলে আমরা বিশেষ সিলাস্টিক কন্ডোম দিতে পারি যার মধ্যে আপনি আপনার নমুনা সংগ্রহ করতে পারেন। এগুলি অর্থের বিনিময়ে আমাদের অভ্যর্থনার জায়গায় লাভ্য।
- সাধারণ কন্ডোমে সংগ্রহ করা নমুনা স্থানান্তর করবেন না, কারণ কন্ডোমের শুক্রনাশক বহু শুক্র বধ করবে।
- নমুনা উৎপন্ন হবার 1 - 1½ ঘন্টার মধ্যে সেন্টারে নমুনা পৌঁছনো উচিত। নমুনা গরম বা ঠাণ্ডা করা চলবে না এবং প্রায় শরীরের তাপমাত্রায় রাখতে হবে যেমন পকেটের মধ্যে।
- সেন্টারে নমুনা জমা দেবার সময় অনুগ্রহ করে একজন অভ্যর্থনা কর্মীকে জানানো হবে।
- শুধু বিস্তারিত 'সুইম আপ' পরীক্ষার জন্য টাকা দিতে হবে কারণ এই পরীক্ষার জন্য যে সব জিনিস এবং রিট্রজেন্টস লাগে সেগুলি খুবই ব্যয়বহুল এবং তার জন্য NHS অর্থ দেয় না। এর জন্য £120 লাগে যেটা নগদে, চেকে বা কার্ডে দেওয়া যেতে পারে।